গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাজবাড়ী সদর, রাজবাড়ী।
www.sadar.rajbari.gov.bd

## রাজবাড়ী সদর উপজেলার জুলাই/ ২০২২ মাসের আইন শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী ।

সভাপতি : মার্জিয়া সুলতানা
উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী ।

তারিখ : ১৮/০৭/২০২২ খ্রি:।

সময় সকাল ১১.০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন ।

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো ।**

সভাপতি উপস্থিত সম্মানিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সকলকে সামাজিক দূরত্ব বজায় রেখে ও বাধ্যতামূলক মাস্ক ব্যবহার করার আহবান জানান।

০২. **বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন** : বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। মে/২০২২ ও জুন/২০২২ মাসের তুলনামূলক অপরাধ চিত্র সভায় পর্যালোচনা করা হয়।

০৩. **উপজেলার অপরাধ প্রবণতা** : মে/২০২২ ও জুন/২০২২ মাসের তুলনামূলক অপরাধ চিত্র নিম্নের ছকে দেখানো হলো :

| মাসের নাম | খুন | ধর্ষণ | ডাকাতি/ রাহাজানী | চুরি | বিশেষ ক্ষমতা | অস্ত্র উদ্ধার | জুয়া আইনে মামলা | নারী ও শিশু নির্যাতন অপরাধ | প্রতারণা / মানবপাচার মামলা | মাদক মামলা | বিস্ফোরক মামলা | সড়ক দূর্ঘটনা | অন্যান্য | মোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| জুন/২০২২ | - | - | ০১ | ০৫ | - | ০১ | - | ০৯ | - | ১৯ | - | ০২ | ২২ | ৫৯ | |
| মে/২০২২ | ০১ | - | - | ০৪ | - | - | - | ০৭ | - | ২২ | - | ০১ | ২২ | ৫৭ | |
| | হ্রাস | - | বৃদ্ধি | বৃদ্ধি | - | বৃদ্ধি | - | বৃদ্ধি | - | হ্রাস | - | বৃদ্ধি | স্থিতি | বৃদ্ধি | |

উক্ত তুলনামূলক তথ্যাদি পর্যালোচনায় দেখা যায়, মে/২০২২ মাসে খুন-১টি, চুরি- ০৪টি, নারী ও শিশু নির্যাতন অপরাধ-০৭টি, মাদক মামলা -২২ টি, সড়ক দুর্ঘটনা ১টি ও অন্যান্য-২২টিসহ মোট ৫৭টি ও জুন/২০২২ মাসে ডাকাতি- ০১টি, চুরি-০৫টি, অস্ত্র-০১, নারী ও শিশু নির্যাতন অপরাধ-০৯টি, মাদক মামলা - ১৯ টি, সড়ক দুর্ঘটনা-০২টি ও অন্যান্য-২২টিসহ মোট ৫৯টি অপরাধ সংঘটিত হয়েছে। উপজেলার সার্বিক অপরাধ প্রবণতা মে/২০২২ মাসের তুলনায় জুন/২০২২ মাসে বৃদ্ধি পেয়েছে।

**সিদ্ধান্ত** : রাজবাড়ী সদর উপজেলার সার্বিক অপরাধ পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার লক্ষ্যে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণে তৎপর হতে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে অনুরোধ করা হলো ।

**বাস্তবায়নে** : অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা ।

০৪. **মাদক বিরোধী অভিযান** : সহকারী পরিচালক, মাদক নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজবাড়ী এর প্রতিনিধি সভাকে জানান যে, জুন/২০২২ মাসে ১০টি অভিযান পরিচালনা করা হয়েছে। মামলা সংখ্যা-০৩, আসামী ০৪জন, উদ্ধারকৃত মাদক হেরোইন-২০ গ্রাম, গাজা ৫০০ গ্রাম, ইয়াবা-১০০০ পিচ। মাদক নিয়ন্ত্রণের লক্ষ্যে অভিযান অব্যাহত আছে। সমাজ থেকে মাদক নিয়ন্ত্রণ করতে হলে পরিবারিক সচেতনতা বৃদ্ধিসহ সামাজিক প্রতিরোধ গড়ে তুলতে হবে।

**সিদ্ধান্ত** : রাজবাড়ী সদর উপজেলার মাদক ক্রয়-বিক্রয় এর স্পটসমূহ চিহ্নিত ও মাদকের গডফাদারদেরকে গ্রেফতার করে আইনের আওতায় আনার লক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, পুলিশ বিভাগ, র‌্যাব এবং স্থানীয় প্রশাসনের যৌথ উদ্যোগে নিয়মিত অভিযান পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে** : অফিসার-ইন-চার্জ, রাজবাড়ী থানা, সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজবাড়ী সার্কেল ও সকল ইউ,পি চেয়ারম্যান ।

০৫. **উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও সংশ্লিষ্ট সকল বিষয় নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত:**

সভাপতি অপরাধ চিত্র পর্যালোচনা করে বলেন যে, চলতি মাসে অপরাধ প্রবণতা কিছুটা বৃদ্ধি পেয়েছে। অত:পর উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও উপস্থিত সকল সদস্য/সুধীজনের বক্তব্য ও মতামতের আলোকে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৬.১ | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বক্তব্য প্রদান করেন। তিনি জানান, আগামী ২৩-২৯ জুলাই জাতীয় মৎস্য সপ্তাহ পালিত হবে। ২৩ তারিখে সাংবাদিক সম্মেলন ও ২৪ জুলাই মূল কর্মসূচি। সরকার কর্তৃক গৃহীত কর্মসূচি সফল বাস্তবায়নে সকলের সার্বিক সহযোগিতা প্রয়োজন। তিনি আরো জানান বর্তমান সময়ে দেশীয় মাছ জলাশয়ে ডিম ছাড়ে। দেশীয় মাছ সংরক্ষনের লক্ষ্যে এ সময় মাছ ধরা নিয়ন্ত্রণ করা হলে দেশীয় মাছের উৎপাদন বৃদ্ধি পাবে। নদীতে বাঁধ দিয়ে মাছ ধরা বন্ধের বিষয়ে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | জাতীয় মৎস্য সপ্তাহ সফল বাস্তবায়নের লক্ষ্যে বহুল প্রচার অবৈধ বাঁধ নির্মাণকারীদের তালিকা তৈরীপূর্বক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী সদর ও ইউনয়ন পরিষদ চেয়ারম্যানগণ |

| | | | |
|---|---|---|---|
| ৬.২ | উপজেলা আনসার ভিডিপি অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আগামী মাসে ভিডিপি মৌলিক প্রশিক্ষণ শুরু হবে। আগ্রহী ব্যক্তিগণ এ প্রশিক্ষণে অংশ গ্রহন করতে পারবেন। | মৌলিক প্রশিক্ষণের বিষয়ে বহুল প্রচার করতে হবে। | আনসার ও ভিডিপি অফিসার, রাজবাড়ী সদর। |
| ৬.৩ | অধ্যক্ষ, রাজবাড়ী সরকারি আদর্শ মহিলা হোসেন কলেজ, রাজবাড়ী সদর এর প্রতিনিধি সভায় জানান যে, কলেজ চলাকালীন পুলিশী টহল প্রদান করায় কলেজ এলাকায় কোন বহিরাগত প্রবেশ করছে না। এতে ইভটিজিং বন্ধ হয়েছে। | পুলিশী টহল অব্যাহত রাখতে হবে। | অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা |
| ৬.৪ | জনাব নাসরিন আক্তার, উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী জানান যে, ২৮ জুন/২০২২ হতে ১৬ জুলাই/২০২২ পর্যন্ত স্কুল বন্ধ ছিলো। বন্ধের মধ্যে ২টি স্কুলে চুরি হয়েছে। নতুন জাতীয়করণ হওয়ায় স্কুল ২টিতে কোন নৈশ প্রহরী নাই। পুলিশী টহল জোরদার করা হলে স্কুলে চুরি রোধ হবে। | পুলিশী টহল জোরদার করতে হবে। | অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা |
| ৬.৫ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর সভায় জানান যে, আগামী ১৯ জুলাই তারিখে সদর উপজেলায় করোনার বুষ্টার ডোজ টিকা প্রদান করা হবে। বাদপড়া ব্যক্তিদের বুষ্টার ডোজ প্রদান কার্যক্রম সফল বাস্তবায়নে সকলের সার্বিক সহযোগিতা প্রয়োজন। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | টিকা প্রদানের বিষয়টি বহুল প্রচার করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, রাজবাড়ী সদর |
| ৬.৬ | উপজেলা সমাজসেবা অফিসার, রাজবাড়ী সদর সভায় জানান যে, বিকাশের মাধ্যমে টাকা প্রদান করায় অনেকেই মাসের ১ তারিখে ভাতা পেয়েছে। আইডি কার্ডে বয়স কম থাকায় অনেকে ভাতা পান নাই। নতুন বয়স্ক ভাতার তালিকা তৈরী করা হবে। কয়েকটি ইউনিয়ন হতে তালিকা না পাওয়ার কারণে চূড়ান্ত তালিকা তৈরী করা সম্ভব হচ্ছে না। তিনি আরো জানান যে, বিকাশ প্রতারকগণ অনেক ভাতাভোগীদের নিকট হতে মোবাইল করে পিন নাম্বার চাচ্ছেন। ভাতাভোগীরা যাতে কাউকে পিন নাম্বার প্রদান না করে সে বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের অনুরোধ জানান। আন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | ভাতা ভোগীদের বাছাই কাজ যথাযথভাবে সমাপ্ত ও বিকাশ প্রতারণার বিষয়ে ভাতাভোগীদের সচেতন করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার, রাজবাড়ী সদর ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ |
| ৬.৭ | জনাব কাজী সামসুদ্দিন, চেয়ারম্যান, বরাট ইউনিয়ন পরিষদ জানান যে, ঈদের ছুটির মধ্যে উড়াকান্দা স্বাস্থ্য কেন্দ্রে চুরি হয়েছে। স্বাস্থ্য কেন্দ্রের নিরাপত্তার লক্ষ্যে রাতে গ্রাম পুলিশদের পাহাড়া প্রদানের নির্দেশনা প্রদান করা হয়েছে। | স্বাস্থ্য কেন্দ্রের নিরাপত্তার ব্যবস্থা করতে হবে। | চেয়ারম্যান, বরাট ইউনিয়ন পরিষদ, রাজবাড়ী সদর |
| ৬.৮ | জনাব একেএম ইকবাল হোসেন, চেয়ারম্যান, খানখানাপুর ইউনিয়ন পরিষদ জানান যে, পুলিশী টহলের ধারা অব্যাহত থাকায় আইন-শৃঙ্খলার নিয়ন্ত্রণে আছে। | পুলিশী টহলের ধারা অব্যাহত রাখতে হবে। | অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা |
| ৬.৯ | জনাব মোঃ টুকু মিজি, চেয়ারম্যান, মিজানপুর ইউনিয়ন পরিষদ জানান যে, এলাকার আইন-শৃঙ্খলা স্বাভাবিক আছে। মৎস্য বিভাগের অসাধু কর্মচারীগন মৎস্যজীবী কার্ড প্রদানের কথা বলে টাকা নিচ্ছে মর্মে অভিযোগ পাওয়া গেছে। অসাধু কর্মচারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। তিনি আরো জানান যে, এলাকায় অনেক ছেলে মেয়ে আছে যাদের বাবা মা এর সঠিক তথ্য পাওয়া যায় না। সঠিক তথ্য না পাওয়ায় জন্ম নিবন্ধনে জটিলতা হচ্ছে। এ ধরণের ক্ষেত্রে নির্দেশনা প্রয়োজন। বয়স্কভাতাভোগী মারা যাওয়ার পরে তাদের ভাতা কার্ড জমা প্রদান না করায় পরবর্তী কার্যক্রম নেয়ার ক্ষেত্রে জটিলতা হচ্ছে। | মৎস্যজীবী নিবন্ধন প্রক্রিয়া স্বচ্ছতারসাথে সম্পন্ন করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী |
| ৬.১০ | জনাব মোঃআব্দুর রব, চেয়ারম্যান, চন্দনী ইউনিয়ন পরিষদ জানান যে, চন্দনী হতে পল্লীবিদ্যুৎ অফিস পর্যন্ত সড়ক দুর্ঘটনা বৃদ্ধি পেছে। বাড়াইজুড়ী গ্রামের কিছু ছেলে মেয়ে অসামাজিক কাজের সাথে জড়িত হয়েছে। পুলিশী অভিযান পরিচালনা করা হলে মাদক সেবন, বিক্রয়সহ বাড়াইজুড়ী এলাকার অসামাজিক কাজ বন্ধ হবে। | পুলিশী অভিযান পরিচালনা করতে হবে। | অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা |
| ৬.১১ | জনাব জনাব মোঃ নূর মোহাম্মদ ভূঁইয়া, চেয়ারম্যান, শহীদ ওহাবপুর ইউনিয়ন পরিষদ জানান যে, বুষ্টার ডোজ টিকা প্রদানের বিষয়ে বহুল প্রচার করা প্রয়োজন। পুলিশী টহলের ধারা অব্যাহত থাকলে আইন-শৃঙ্খলার নিয়ন্ত্রণে থাকবে। | বুষ্টার ডোজ টিকা প্রদানের বিষয়ে প্রচার ও পুলিশী টহলের ধারা অব্যাহত রাখতে হবে। | অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা ও উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, রাজবাড়ী সদর |

০৭. জনাব রকিবুল হাসান পিয়াল, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর সভায় জানান যে, রাজবাড়ী সদর উপজেলার কর্মকর্তাগণ আন্তরিকভাবে দায়িত্ব পালন করায় ঈদের পূর্বে ও পরে কোন অপরাধমূলক কার্যক্রম সংঘটিত হয় নাই। পুলিশী টহলের ধারা অব্যাহত থাকলে আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে থাকবে।

০৮. জনাব এ্যাডভোকেট ইমদাদুল হক বিশ্বাস, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর সভায় বক্তব্য প্রদান করেন। তিনি জানান, দক্ষ প্রশাসন ও জন প্রতিনিধিদের আন্তরিকতার কারণে রাজবাড়ী সদর উপজেলার আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে আছে। রাস্তা চওড়া হওয়ার দ্রুত গতিতে মটর সাইকেল চালনোর কারণে সড়ক দুর্ঘটনা বৃদ্ধি পেয়েছে। উপজেলা পরিষদ হতে আহম্মদ আলী মৃধা কলেজ পর্যন্ত গাড়ীর গতি সংক্রান্ত সাইন বোর্ড প্রদান করা হলে দুর্ঘটনা নিয়ন্ত্রণে আসবে।

০৯. অফিসার ইন চার্জ, রাজবাড়ী থানা জানান যে, রাজবাড়ী সদর উপজেলায় কর্মরত সকল কর্মকর্তা ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সর্বস্থরের জনসাধারণের সার্বিক সহযোগিতার কারণে আইন শৃঙ্খলা নিয়ন্ত্রণে এসেছে। মাদক সেবক ও বিক্রয়কারীদের বিরুদ্ধে অভিযান অব্যাহত আছে। সুলতানপুর ইউনিয়ন সীমান্ত এলাকায় হওয়ায় অপরাধ বেশী হওয়ার সম্ভাবনা থাকে। সুলতানপুর এলাকায় জমি পাওয়া গেলে স্থায়ী পুলিশ ফাঁড়ি স্থাপন করা সম্ভব হবে। পুলিশ ফাঁড়ি হলে এলাকার আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে রাখার ক্ষেত্রে সহায়ক হবে। মটর সাইকেল ও অন্যান্য যানবাহনের গতি নিয়ন্ত্রণের লক্ষ্যে নিয়মিত অভিযান পরিচালনা করা হচ্ছে। আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে রাখতে সবাইকে সচেতন ও তৎপর থাকতে হবে। মাদক নিয়ন্ত্রণে আনতে সম্মিলিতভাবে সামাজিক প্রতিরোধ গড়ে তুলতে হবে।

সভাপতি পরিশেষে সম্পূর্ণ সভার সারমর্ম তুলে ধরেন। তিনি সভায় আইন-শৃঙ্খলা উন্নয়নের লক্ষ্যে গঠনমুলক আলোচনায় অংশগ্রহণের জন্য সকলকে ধন্যবাদ জানান। মাটি কাটা বন্ধ, ইভটিজিং, জাটকা নিধন ও মাদকের বিরুদ্ধে সামাজিকভাবে প্রতিবাদ, প্রতিরোধ ও সামাজিক সচেতনতা ও দায়বদ্ধতা বাড়াতে হবে। এলাকার সার্বিক উন্নয়নে কর্মকর্তাদের সার্বিক বিষয়ে সহযোগিতা করতে হবে। এছাড়া তিনি সকলের সহযোগিতায় রাজবাড়ী সদরের আইন-শৃঙ্খলা পরিস্থিতি সুষ্ঠু ও সুন্দর রাখার প্রত্যাশা ব্যক্ত করেন।

**বিবিধ সিদ্ধান্ত :**

১) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ মাদকস্পট ও মাদক কারবারীর ঠিকানা উল্লেখ করে অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা বরাবর তালিকা দিবেন।

২) কাগজ বিহীন মটর সাইকেল ও লাইসেন্স বিহীন চালকের নাম সুনির্দিষ্ট ভাবে অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা বরাবর তালিকা দিবেন।

৩) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ স্ব স্ব এলাকার বাজারসমূহে সিসি ক্যামেরা স্থাপন ও রাতে পাহারা প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন।

পরিশেষে আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Msultana 27/07/22

( মার্জিয়া সুলতানা )
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
রাজবাড়ী সদর, রাজবাড়ী।
টেলিফোন নম্বর : ০২৪৭৮৮০৭৪৭৩
e-mail : unorajbari@mopa.gov.bd

স্মারক নং-০৫.৩০.৮২৭৬.০০০.০২.০০১.২২- ৬৫৭(৪০) তারিখঃ২৭/০৭/২০২২ খ্রিঃ।

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১। জনাব আলহাজ্ব কাজী কেরামত আলী
মাননীয় জাতীয় সংসদ সদস্য, রাজবাড়ী -১
ও মুখ্য উপদেষ্টা, উপজেলা আইন শৃঙ্খলা কমিটি, রাজবাড়ী সদর, রাজবাড়ী ।
০২। জেলা প্রশাসক, রাজবাড়ী ।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপদেষ্টা, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, রাজবাড়ী সদর,রাজবাড়ী।
অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :
০৪। সহকারী প্রোগ্রামার, রাজবাড়ী সদর, রাজবাড়ীকে উক্ত কার্যবিবরণী এ কার্যালয়ের ওয়েব পোর্টালে প্রদানের জন্য অনুরোধ করা হলো।
০৫-৩৫। ........................................................................ উপদেষ্টা/সদস্য, উপজেলা আইন শৃঙ্খলা কমিটি,রাজবাড়ী সদর,রাজবাড়ী ।

Msultana 27/07/22

উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী ।